# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)

**বিষয় কোড : ২ ৬ ৮**

**সময়: ২ ঘন্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

**১.▶** সাগর আহমেদ 'মুনশাইন' নামক কোম্পানিতে দক্ষতার সাথে দায়িত্ব পালন করে আসছেন। কিন্তু বারবার চেষ্টা করেও তিনি পদোন্নতি লাভে ব্যর্থ হন। বাধ্য হয়ে তিনি উক্ত কোম্পানির চাকরি পরিত্যাগ করে 'পদ্মা' কোম্পানির চাকরি গ্রহণ করেন। তার পদোন্নতি ও প্রচেষ্টায় কোম্পানিটি একটি স্বনামধন্য প্রতিষ্ঠানে পরিণত হয়।

ক. গজনি কোথায় অবস্থিত? ১

খ. তরাইন দ্বিতীয় যুদ্ধে মুহাম্মদ ঘুরীর জয়লাভের কারণ কী ছিল- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাগর আহমেদের কর্মকাণ্ডের সাথে কোন শাসকের কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীকের সাগর আহমেদের সাফল্যের কারণ পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.▶** ব্রিটিশরা বাংলাকে আক্রমণ করে দখল করেছিল। তাদের বাংলা আক্রমণের উদ্দেশ্যে যতটা ছিল রাজনৈতিক, ঠিক ততটাই ছিল অর্থনৈতিক। তারা এদেশ থেকে সমস্ত সম্পদ লুণ্ঠন করে নিয়ে যায়। ফলে অর্থনৈতিকভাবে বাংলার অপূরণীয় ক্ষতি সাধিত হয়।

ক. সুলতান মাহমুদ কতবার ভারত অভিযান করেন? ১

খ. 'ইলতুৎমিশ রাজ্যজয়ে সাহসিকতার পরিচয় দিয়েছিলেন' বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত ব্রিটিশদের বাংলা আক্রমণের রাজনৈতিক কারণ এবং সুলতান মাহমুদের ভারতবর্ষ আক্রমণের রাজনৈতিক কারণ একই সূত্রে গাঁথা- ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর ব্রিটিশদের মতো সুলতান মাহমুদও ভারবতবর্ষকে অর্থনৈতিকভাবে পঙ্গু করেছে? বিশ্লেষণ কর। ৪

**৩.▶** শ্রীমাভো বন্দরনায়েক আধুনিক বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী। তিনি ক্ষমতা গ্রহণ করার পর দেশ বিদেশের কতিপয় অভিজাত শ্রেণির সমালোচনার মুখোমুখি হন। সমালোচকগণ নারী বলে বন্দরনায়ককে শাসনকার্যে অনুপযোগী, অদক্ষ বলে অভিহিত করেন। কিন্তু নিজ মেধাগুণ, তেজস্বিতা আর কর্মদক্ষতার গুণে বন্দরনায়েক দেশের সকল বিশৃঙ্খলা ও দুর্নীতি প্রতিহত করে সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের উন্নতি করেন।

ক. দিল্লি সালতানাত যুগে মোট কয়টি বংশ শাসন করে? ১

খ. কুতুবউদ্দিন আইবেক কর্তৃক প্রতিষ্ঠিত বংশকে দাসবংশ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

Teachingbd.com

গ. উদ্দীপকে বন্দরনায়কের সাথে দিল্লি সালতানাতের কোন নারী শাসকের কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত নারী শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৪.▶ আব্দুল ওয়াদুদ মধ্যযুগের ভারতের ইতিহাস পড়ে জানতে পারে যে মুঘলক বংশের এক শাসক শাসনকার্যের সুবিধার জন্য কিছু উচ্চাভিলাষী পরিকল্পনা গ্রহণ করেন। এ লক্ষ্যে উক্ত শাসক দিল্লি থেকে দেবগিরিতে রাজধানী স্থানান্তর করেন। বিদ্রোহীদের দমন করতে খোরাসনে ও কারাচিলে অভিযান প্রেরণ করেন। তাম্রমুদ্রার প্রচলন, কর বৃদ্ধি করে -অর্থনৈতিক উন্নয়নে মনোযোগী হন।

ক. তুঘলক বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১

খ. দিল্লি সালতানাত পতনে মুহম্মদ বিন তুঘলক কতটুকু দায়ী ছিলেন। ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আব্দুল ওয়াদুদ মধ্যযুগের কোন শাসক সম্পর্কে জানতে পেরেছে? তার দু'টি পরিকল্পনা সম্পর্কে লিখ। ৩

ঘ. উক্ত শাসকর্তার গৃহীত পরিকল্পনাসমূহ দিল্লি সালতানাত পতনে কতটুকু প্রভাব ফেলেছিল? বিশ্লেষণ কর। ৪

৫.▶ সাব্বির মধ্যযুগীয় ভারতের ইতিহাস পড়ে জানতে পারে যে পানিপথ প্রথম যুদ্ধের মাধ্যমে একজন শাসক দিল্লির সিংহাসন দখল করেন। মাত্র ১১ বছর বয়সে বসা এই সম্রাটের কৃতিত্ব পড়ে সাব্বির অভিভূত হয়।

ক. বাংলা সন চালু করেন কোন সম্রাট? ১

খ. পানিপথের প্রথমযুদ্ধে ইব্রাহিম লোদির পরাজয়ের কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাব্বির ভারতবর্ষের কোন শাসক সম্পর্কে জানতে পেরেছে? তার দু'টি পরিকল্পনা সম্পর্কে লিখ। ৩

ঘ. প্রশাসক হিসেবে উক্ত শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৬.▶ লাভলী বেগমের স্বামী একটি বেসরকারি কোম্পানির মালিক। কোম্পানির বিভিন্ন কাজে বেশির ভাগ ক্ষেত্রে লাভলী তার স্বামীর ওপর প্রভাব বিস্তার করেন। তিনি তার দু'ভাইকে কোম্পানির উচ্চপদে বসান। এক পর্যায়ে লাভলীর প্রভাবের কারণে তার স্বামী কোম্পানির নামমাত্র মালিকে পরিণত হন।

ক. কোন সম্রাট তাজমহল নির্মাণ করেন? ১

খ. সম্রাট আওরঙ্গজেবকে 'জিন্দাপীর' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের লাভলী বেগমের মাঝে সম্রাট জাহাঙ্গীরের স্ত্রী নূরজাহানের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'চারিত্রিক মিল থাকলেও উদ্দীপকের লাভলী বেগম এবং নূরজাহানের প্রেক্ষাপট ছিল ভিন্ন'- পাঠ্যপুস্তকের আলোকে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৭.▶ কামরুল সাহেব মীর মোশাররফ হোসেনের 'অপূর্ব ক্ষমা' গল্প পড়ে এজিদের দ্বারা প্ররোচিত হয়ে স্ত্রী জায়েদা কর্তৃক ইমাম হাসানকে (রাঃ) বিষ প্রয়োগে মৃত্যুর ঘটনা জানতে পেরে ব্যথিত হন। বিশ্বস্ত মানুষের কাছ থেকে এরূপ আচরণ শুধু ইমাম হাসানের (রা) জীবনটাই কেড়ে নেয়নি বরং তার বিশ্বাসটাকে চিরতরে ধ্বংস করে দিয়েছিল।

ক. তিতুমীরের প্রকৃত নাম কী ছিল? ১

খ. দ্বৈত শাসন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইমাম হাসানের (রা) স্ত্রী জায়েদার সাথে মীর জাফরের কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কর্মকাণ্ডের ফলে ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ শক্তির প্রভূত্ব স্থাপনের পথ সুদৃঢ় হয়েছিল বলে তুমি মনে কর কী? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৮.▶ জাতীয় সংসদ নির্বাচনে সরকার দলীয় প্রার্থীকে লালকার্ড দেখাতে কয়েক জন বড় মাপের নেতা মিলে একটি নতুন দলগঠন করেন, তারা ক্ষমতায় যাওয়ার জন্য ২১ দফা সংবলিত একটি নির্বাচনী প্রতিশ্রুতি জনগণের নিকট পেশ করেন। খুব দ্রুত এই প্রতিশ্রুতি জনগণের নিকট পেশ করেন। খুব দ্রুত এই প্রতিশ্রুতি সাধারণ জনগণের মনকে আকৃষ্ট করে। এর ফলে নির্বাচনে তারা বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করেন।

ক. মুসলিম লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. ভাষা আন্দোলনে 'তমুদ্দুন মজলিশ' এর কী ভূমিকা ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ঐতিহাসিক নির্বাচনির প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে? বুঝিয়ে লিখ। ৩

ঘ. উক্ত নির্বাচনে মুসলিম লীগের পরাজয় ও যুক্তফ্রন্টের বিজয়ের কারণ পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯.▶ নেলসন ম্যান্ডেলা গণতান্ত্রিক ইতিহাসে একটি স্মরণীয় নাম। রাজনীতির ক্ষেত্রে তিনি বিশ্বে অনন্য প্রতিভার স্বাক্ষর রেখেছেন। এভাবে তিনি দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট পদে আসীন হন। তিনি স্বৈরাচারী শাসকের শোষণের হাত থেকে মানুষকে মুক্তি দিয়েছেন। পৃথিবীর গণতন্ত্র ও মুক্তিকামী মানুষের কাছে আজও তিনি অমর হয়ে আছেন।

ক. মুজিবনগর সরকার কত তারিখে শপথ গ্রহণ করেছিল? ১

খ. ১৬ই ডিসেম্বর জাতীয় জীবনে স্মরণীয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত নেলসন ম্যান্ডেলার চরিত্র ও কর্মকাণ্ডের সাথে পাঠ্যপুস্তকের কার চরিত্র ও কর্মকাণ্ডের মধ্যে সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত নেতার বলিষ্ঠ ও আপোষহীন নেতৃত্বে আমরা স্বাধীনতা লাভ করেছি- বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য়পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৬ | ৮ |

সময় : ৪০ মিনিট

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. প্রাচীন ভারতীয় সমাজ কয়টি বর্ণে বিভক্ত ছিল?
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓖ ৫টি

২. সুলতান মাহমুদের সভাকবি ছিলেন—
ⓚ বাইহাকী ⓚ আনসারী
ⓖ ফেরদৌসী ⓖ ফারুকী

৩. তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?
ⓚ ১১৯১ ⓚ ১১৯২
ⓖ ১১৯৪ ⓖ ১১৯৬

৪. মুসলিম বিজয়ের প্রাক্কালে সিন্ধুর রাজা কে ছিলেন?
ⓚ দাহির ⓚ জয়চন্দ্র
ⓖ ত্রিলোচন পাল ⓖ পৃথ্বিরাজ

৫. সিন্ধুর প্রধান বন্দর কোনটি ছিল?
ⓚ সিস্তান ⓚ ইস্পাহান
ⓖ আলোর ⓖ দেবুল

৬. তরাইনের দ্বিতীয় যুদ্ধে মুহাম্মদ ঘুরীর জয় লাভের ফলে—
i. রাজপুতদের প্রাধান্য খর্ব হয়
ii. বাণিজ্যিক পথ সুগম হয়
iii. ভারতে মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭. ভারতবর্ষে প্রেরিত সুলতান মাহমুদের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য অভিযান কোনটি?
ⓚ কনৌজ ⓚ গোয়ালিয়র
ⓖ থানেশ্বর ⓖ সোমনাথ

৮. দিল্লি থেকে দেবগিরির দূরত্ব ছিল— মাইল?
ⓚ ৬০০ ⓚ ৭০০
ⓖ ৮০০ ⓖ ৯০০

৯. বিখ্যাত চল্লিশ চক্রের ক্ষমতা ধ্বংস করার জন্য বলবন—
i. চল্লিশ আমিরের বিশেষ সুবিধা বাতিল করেন
ii. রাজদরবারে হাসি-ঠাট্টা বন্ধ করেন
iii. তাদেরকে নির্জন দ্বীপে নির্বাসন দেন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১০. 'লাখ-বখস' কার উপাধি ছিল?
ⓚ ইলতুৎমিশ ⓚ আরাম শাহ
ⓖ কুতুবউদ্দিন আইবেক ⓖ সুলতানা রাজিয়া

১১. বলবনের প্রকৃত নাম কী?
ⓚ বাহা উদ্দীন ⓚ গিয়াস উদ্দীন
ⓖ নাসির উদ্দীন ⓖ আলাউদ্দীন

১২. সর্বপ্রথম কে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ প্রথা জারি করেন?
ⓚ ফিরোজ শাহ তুঘলক ⓚ সুলতানা রাজিয়া
ⓖ আলাউদ্দিন খলজি ⓖ সম্রাট আকবর

১৩. 'ভারতের তোতা পাখি' কাকে বলা হয়?
ⓚ কবি বুহানী ⓚ জিয়া উদ্দিন বারানী
ⓖ কবি রায়হানী ⓖ আমির খসরু

১৪. মালিক কাফুর কোথাকার লোক ছিলেন?
ⓚ কনৌজ ⓚ গুজরাট
ⓖ পাঞ্জাব ⓖ দিল্লি

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:

রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থটি তার জীবনালেখ্য। নোবেল ফাউন্ডেশন কাব্য গ্রন্থটির বর্ণনা করেছিল একটি 'গভীরভাবে সংবেদনশীল, উজ্জ্বল ও সুন্দর কাব্যগ্রন্থ' রূপে।

১৫. উদ্দীপকে উল্লিখিত বিখ্যাত গ্রন্থটির নাম কোন মুঘল সম্রাট তার আত্মচরিত রচনা করেছেন, যা ইতিহাসের শ্রেষ্ঠ উপাদান?
ⓚ বাবর ⓚ হুমায়ুন
ⓖ জাহাঙ্গীর ⓖ আওরঙ্গজেব

১৬. উক্ত শাসকের আত্মচরিত গ্রন্থটির নাম কী?
ⓚ বাবরনামা ⓚ হুমায়ুননামা
ⓖ ফতোয়া-ই-আলমগিরি ⓖ আকবর নামা

১৭. গোগরার যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?
ⓚ ১৫২৬ ⓚ ১৫২৭
ⓖ ১৫২৯ ⓖ ১৫৫৬

১৮. 'গ্রান্ডট্রাংক রোড' কে নির্মাণ করেন?
ⓚ বাবর ⓚ শেরশাহ
ⓖ হুমায়ুন ⓖ আকবর

১৯. 'দীন-ই-এলাহী' প্রতিষ্ঠা করেন সম্রাট—
ⓚ হুমায়ুন ⓚ শাহজাহান
ⓖ আকবর ⓖ আওরঙ্গজেব

২০. সম্রাট আকবর রাজপুত রমনীদের সাথে বৈবাহিক সম্পর্ক স্থাপন করেন কেন?
i. তাদের রূপে গুণে মুগ্ধ হয়ে
ii. রাজপুতদের মেধা ও শক্তি কাজে লাগানোর জন্য
iii. রাজপুতদের সহযোগিতায় শক্তিশালী ভারত প্রতিষ্ঠার জন্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. তাজমহল কোন নদীর তীরে অবস্থিত?
ⓚ পদ্মা ⓚ গঙ্গা
ⓖ মেঘনা ⓖ যমুনা

২২. হাজী মুহম্মদ মহসীন জন্মগ্রহণ করেন কত খ্রিস্টাব্দে?
ⓚ ১৭৩০ খ্রিস্টাব্দে ⓚ ১৭৩২ খ্রিস্টাব্দে
ⓖ ১৭৩৪ খ্রিস্টাব্দে ⓖ ১৭৩৬ খ্রিস্টাব্দে

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:

আনোয়ার সাহেব একজন প্রগতিশীল মানুষ। তিনি তার সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে কুসংস্কার ও গোঁড়ামি পরিত্যাগ করে বিজ্ঞানসম্মত জীবনমুখী শিক্ষা গ্রহণের আহ্বান জানান। তিনি একটি সমিতি প্রতিষ্ঠা করে জনগণকে শিক্ষার প্রতি সচেতন করে।

২৩. আনোয়ার সাহেব নিম্নের কোন ব্যক্তির দ্বারা প্রভাবিত?
ⓚ সৈয়দ আহমদ খান ⓚ নবাব আব্দুল লতিফ
ⓖ হাজী মোহাম্মদ মহসীন ⓖ সৈয়দ আমির আলী

Teachingbd.com

২৪. উক্ত ব্যক্তির কর্মকাণ্ডের মাধ্যমে প্রকাশ পায়—
i. বিদ্যোৎসাহিতা
ii. স্বজনপ্রীতি
iii. সহমর্মিতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. ফরায়েজি আন্দোলনের প্রতিষ্ঠাতা কে ছিলেন—
ক) হাজী শরিয়ত উল্লাহ খ) তিতুমীর
গ) আহসান উল্লাহ ঘ) সলিমুল্লাহ

২৬. বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থা চালু করেন—
ক) লর্ড মাউন্ট ব্যাটেন খ) লর্ড ক্লাইভ
গ) লর্ড কার্জন ঘ) ওয়ারেন হেস্টিংস

২৭. তমদ্দুন মজলিশ কী?
ক) একটি পুস্তিকা খ) রাজনৈতিক দল
গ) সাংস্কৃতিক সংগঠন ঘ) সামাজিক সংঘ

২৮. শেখ মুজিবুর রহমান কত সালে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত হন?
ক) ১৯৬৬ সালে খ) ১৯৬৭ সালে
গ) ১৯৬৮ সালে ঘ) ১৯৬৯ সালে

২৯. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের অন্তর্ভুক্ত রাজনৈতিক দল—
i. আওয়ামী মুসলিম লীগ
ii. কৃষক প্রজা পার্টি
iii. জাতীয় সমাজতান্ত্রিক দল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:**

ফজল সাহেব আশার আলো সংস্থার পরিচালক নিযুক্ত হন। তার স্বেচ্ছাচারিতা ও অসহযোগিতামূলক মনোভাব সবাইকে মর্মাহত করে। এ পরিস্থিতিতে সিনিয়র সদস্য সোহেল সাহেবের নেতৃত্বে সংস্থার সদস্যগণ তার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হন। এতে ফজল সাহেব তাদের বিরুদ্ধে দমনমূলক ব্যবস্থা গ্রহণ করেন।

৩০. সোহেল সাহেবের কর্মকাণ্ড বাংলার কোন ঐতিহাসিক ঘটনাকে স্মরণ করিয়ে দেয়?
ক) যুক্তফ্রন্ট নির্বাচন
খ) উনসত্তরের গণঅভ্যুত্থান
গ) ১৯৬২'র শিক্ষা আন্দোলন
ঘ) ছয় দফা আন্দোলন

৩১. উক্ত ঐতিহাসিক ঘটনার ফলে—
i. আইয়ুব সরকার শঙ্কিত হয়
ii. বঙ্গবন্ধুকে বার বার আটক করা হয়
iii. বাংলাদেশ মুক্তিযুদ্ধের দিকে এগিয়ে যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. যুক্তফ্রন্ট নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?
ক) ১৯৫২ সালে খ) ১৯৫৪ সালে
গ) ১৯৫৬ সালে ঘ) ১৯৫৮ সালে

৩৩. 'শাসন বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক করা হবে'— এ দাবিটি ছিল—
i. ৬ দফার
ii. ১১ দফার
iii. ২১ দফার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৪. কার নেতৃত্বে সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ গঠিত হয়?
ক) তোফায়েল আহমেদ খ) আবদুর রাজ্জাক
গ) শেখ সেলিম ঘ) আ. স. ম আব্দুর রব

৩৫. মুজিবনগর অস্থায়ী সরকারের কয়টি মন্ত্রণালয় ছিল?
ক) ১০ খ) ১২
গ) ১৪ ঘ) ১৬

৩৬. আগরতলা মামলা প্রত্যাহার করা হয় কেন?
ক) প্রভাবশালী রাজনীতিবিদদের চাপে
খ) তীব্র ছাত্র আন্দোলন ও গণআন্দোলনের ফলে
গ) সামরিক অভ্যুত্থান হতে পারে এ আশংকায়
ঘ) তৃতীয় শক্তির উত্থানের সম্ভাবনা থাকায়

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:**

নবম শ্রেণির ছাত্র ফাহিম বলে, তিনি গণমানুষের নেতা, শোষিত-নির্যাতিত মানুষের নেতা। তার ঐতিহাসিক ভাষণ বিশ্বের শ্রেষ্ঠ ভাষণগুলোর একটি।

৩৭. ফাহিমের বক্তৃতায় কোন রাজনৈতিক ব্যক্তিত্ব ফুটে উঠেছে?
ক) মাওলানা ভাষানী
খ) এ কে এম ফজলুল হক
গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ঘ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

৩৮. উক্ত ব্যক্তির ভাষণ বিশেষত কীসের দিক-নির্দেশনা দিয়েছে?
ক) ভাষা আন্দোলন খ) উনসত্তরের অভ্যুত্থান
গ) ছয়দফা বাস্তবায়ন ঘ) স্বাধীনতা আন্দোলন

৩৯. চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও ফেনী নদী পর্যন্ত এলাকা নিয়ে কোন সেক্টর গঠিত হয়েছিল?
ক) ১ খ) ২
গ) ৩ ঘ) ৪

৪০. মুক্তিযুদ্ধে হানাদার বাহিনীর বীভৎস চিত্র বহির্বিশ্বে প্রচার করেছিল—
i. গ্রেট ব্রিটেন
ii. সোভিয়েত ইউনিয়ন
iii. চীন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ক |

http://teachingbd.com